দৈনিক ইত্তেফাক

তারিখ 05 APR 1994
পৃষ্ঠা ১২ কলাম ৭

135

# বেসরকারী শিক্ষকদের সমাবেশ

ইত্তেফাক রিপোর্ট ।। পূর্ণাঙ্গ জাতীয় বেতন স্কেল চালু, শিক্ষক কল্যাণ ট্রাষ্ট বোর্ড পুনর্গঠনসহ ১৫ দফা দাবী আদায়ের লক্ষ্যে ৬টি বেসরকারী শিক্ষক সংগঠনের সমন্বয়ে গঠিত কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির উদ্যোগে গতকাল (সোমবার) সারাদেশে জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ করা হয়। ঢাকায় বাহাদুর শাহ পার্কে অনুষ্ঠিত এক সমাবেশে শিক্ষক নেতৃবৃন্দ বলেন, সরকার ইচ্ছা করিয়া শিক্ষক সমাজকে পথে নামাইতে চাহিতেছেন। সমাবেশে পূর্ব ঘোষিত কর্মসূচীর আওতায় ৭ই এপ্রিল বেসরকারী স্কুল-কলেজে পূর্ণ ধর্মঘট পালন ও ১২ই এপ্রিল ঢাকায় শিক্ষক মহাবেশ কর্মসূচী সফল করিয়া তোলার আহ্বান জানান হয়। আবদুর রব মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে মোঃ কামরুজ্জামান, ডঃ আখতারুজ্জামান, কাজী ফারুক আহমেদ, এস, এম হাবিবুর রহমান, শহীদুর রহমান, আবদুল আউয়াল প্রমুখ বক্তৃতা করেন।